Celebrating our past & rejuvenating our present


icddr,b Alumni Association

# Souvenir

17th Annual General Meeting & Reunion 2025

11 January 2026

Sasakawa Auditorium, icddr,b
Mohakhali, Dhaka 1212


An enterprise of
ICDDR,B Employees' Multipurpose
Cooperative Society Ltd.
EMCS Pharma Ltd.
বাজারে এসেছে আইসিডিডিআর,বি এমপ্লইজ মাল্টিপারপাস
কো-অপারেটিভ সোসাইটির দুই ধরনের খাবার স্যালাইন
আইসিডিডিআর,বি অ্যালামনাই
অ্যাসোসিয়েশন–এর ১৭তম বার্ষিক সাধারণ
সভা এবং পুনর্মিলনী
সফল হোক
আপনার
নিকটস্থ ঔষধের
দোকানে
খোঁজ করুন
চাউলের গুঁড়ার
খাবার স্যালাইন
Rice-based
Oral Saline-i
চাউলের গুঁড়ার
খাবার স্যালাইন-আই
ইএমসিএস ফার্মা লিমিটেড
EMCS Pharma Limited
দোবাদিয়া, উত্তরখান, ঢাকা
Mfg. Lic. No. 515 MA No. 395-001-079
গ্লুকোজ-বেজড
খাবার স্যালাইন
Glucose-based
Oral Saline-i
গ্লুকোজ-বেজড
খাবার স্যালাইন-আই
ইএমসিএস ফার্মা লিমিটেড
EMCS Pharma Limited
দোবাদিয়া, উত্তরখান, ঢাকা
Mfg. Lic. No. 515 MA No. 395-002-079
"নকল ভেজাল বন্ধ করি
জনস্বাস্থ্য নিশ্চিত করি"
"সকল ঔষধ নির্দেশিত
তাপমাত্রায় সংরক্ষণ করুন"
ইএমসিএস ফার্মা লিঃ
(আইসিডিডিআর,বি এমপ্লইজ মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড-এর একটি প্রতিষ্ঠান)
ফ্যাক্টরি: দোবাদিয়া, উত্তরখান, ঢাকা ১২৩০
emcspharma@gmail.com | (+88) 01735 891007 | www.icddrbemcs.org | করপোরেট অফিস: ৬৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সারণি, মহাখালী, ঢাকা ১২১২

# Annual General Meeting & Reunion 2025

## icddr,b Alumni Association

### Executive Committee 2025-2027




From left: *1. Mr. Md. Harun-ur-Rashid, Member; 2. Mr. ASM Mahmudur Rahman, Treasurer; 3. Mr. Meer Md. Ramzan Ali, Vice President; 4. Ms. Anowara Haider, Member; 5. Ms. Nurun Nahar Islam, Member; 6. Dr. Fakir Anjuman Ara, President; 7. Ms. Tania Chowdhury, Member; 8. Mr. Md. Shah Alam, Vice President; 9. Mr. Md. Mahbub-ul-Alam, General Secretary; 10. Mr. Mohammed Ishaque, Member; 11. Mr. Md. Abul Hossain Talukder and 12. HM Eskander Mirza, Member.* Not in the photograph: *13. Mr. AHM Golam Mustafa, Joint Secretary; 14. Ms. Zubaida Khatun Chowdhury and 15. Mr. Rehan Uddin, Member.*

### Matlab Convening Committee 2025-2027




*Matlab Convening Committee members with the President, iAA and other guests.*

# Acknowledgement


## We acknowledge contributions by following enterpreneurs and friends for our Souvenir and raffle draw

icddr,b
Digital Marketing Solution
EMCS Pharma Ltd: an enterprise of IEMCS Ltd.
Mas-Cot International
Dutch Bangla Bank Ltd.
Nahid Cotton Mills Ltd.
Sakib Hospital and Diabetes Centre
Mr. Mian Ahmed Kibria, Managing Director, Atlantic Control Bangladesh Pvt. Ltd
Mr. Badsha Mia, Badsha Textile Mills Ltd.
Ms. Zubaida Khatun Chowdhury & Mr. Rabiul Hasan



**Chief Editor**
Dr. Fakir Anjuman Ara

**Editor**
Mr. Mahbub-ul-Alam

**Proofreading**
Mr. Md. Eskander Mirza, Mr. AHM Golam Mustafa, Ms. Tania Chowdhury

**Cover design & illustration**
Mr. Mahbub-ul-Alam

**Photo credits**
© icddr,b Alumni Association; Mr. Rabiul Hasan & others
icddr,b Alumni Association is committed to the ethical use of photography and obtains permission from photo subjects whenever reasonable and practical.

**Published on**
11 January 2026

**Published by**
icddr,b Alumni Association



SWA Office, icddr,b, 68 Shaheed Tajuddin Ahmed Sarani, Mohakhali, Dhaka 1212
alumni@icddrb.org https://icddrbalumni.org/ https://www.facebook.com/groups/1189410921783731



# Preface

**Dr. Fakir Anjuman Ara**
**Convener**
Publication Sub-committee, and
**President**
icddr,b Alumni Association

**Greetings!**

I am glad to present this souvenir on the occasion of the Seventeenth Reunion and AGM of the icddr,b Alumni Association (iAA). The souvenir is published regularly during the Reunion of iAA as one of the tools to share information about the fellow alumni, activities, and achievements of the centre since the early days of establishment of the icddr,b.


This publication documents, acknowledge and appreciate the long and hard work of the alumni contributing to the achievements which has made icddr,b to be one of the most reliable and world renowned Research Centre.

The souvenir is made interesting with articles, stories and photos by the alumni from Bangladesh, USA, Canada, Australia. The contributions are personal expressions from their experience. The contents are useful and hope you will enjoy reading them.

A team of executive committee members (Publication Sub Committee) worked sincerely and hard to make the souvenir a good quality publication. Despite our effort there might be minor mistake/error; hope you will kindly ignore these as we do not have professional training or skill.

On behalf of the Publication Sub Committee, I acknowledge, appreciate and thank the authors, advertisers, photographers, publishers and patrons for their contribution and cooperation for successful publication of the souvenir.

You will be happy to know that you may read the Souvenir online on our Facebook Group Page(https://www.facebook.com/groups/1189410921783731/files/files) and our website(http://icddrbalumni.org/).



**Dr. Fakir Anjuman Ara**

# Executive Committee 2025-2027

## President



Dr. Fakir Anjuman Ara

## Vice Presidents



Mr. Meer Ramzan Ali



Mr. Shah Alam

## General Secretary



Mr. Mahbub-ul-Alam

## Joint Secretary



Mr. AHM Golam Mustafa

## Treasurer



Mr. ASM Mahmudur Rahman

## Executive Committee Members



Ms. Anowara Haider



Md. Harun-ur Rashid



Ms. Zubaida K. Chowdhury



Mr. Abul Hossain Talukder



HM Eskander Mirza



Mr. Mohammed Ishaque



Ms. Nurun Nahar Islam



Ms. Tania Chowdhury



Mr. Rehan Uddin

# AGM & Reunion 2025

## Organizing Committee

**President**
Dr. Fakir Anjuman Ara

**Vice Presidents**
Mr. Meer Md. Ramzan Ali & Mr. Shah Alam

**General Secretary**
Mr. Mahbub-ul-Alam

**Joint Secretary**
Mr. AHM Golam Mustafa

**Treasurer**
Mr. ASM Mahmudur Rahman

**Members**

1. Ms. Anowara Haider
2. Md. Harun-ur-Rashid
3. Ms. Zubaida Khatun Chowdhury
4. Mr. Abul Hossain Talukder
5. Mr. HM Eskander Mirza
6. Mr. Mohommed Ishaque
7. Ms. Nurun Nahar Islam
8. Ms. Tania Chowdhury
9. Mr. Rehan Uddin

## Sub-Committees

### Reception

| | |
|---|---|
| 1. Dr. Fakir Anjuman Ara | Convener |
| 2. Mr. Meer Md. Ramzan Ali | Member |
| 3. Mr. Shah Alam | Member |
| 4. Mr. Mahbub-ul-Alam | Member |
| 5. Mr. Abul Hossain Talukder | Member |

### Event Mgt.

| | |
|---|---|
| 1. Mr. Mahbub-ul-Alam | Convener |
| 2. Mr. AHM Golam Mustafa | Member |
| 3. Mr. Harun-ur-Rashid | Member |
| 4. Mr. Eskander Mirza | Member |
| 5. Mr. Mohommed Ishaque | Member |

### Finance

| | |
|---|---|
| 1. Mr. Shah Alam | Convener |
| 2. Mr. ASM Mahmudur Rahman | Member |
| 3. Mr. Eskander Mirza | Member |
| 4. Mr. Mohammed Ishaque | Member |

### Publication

| | |
|---|---|
| 1. Dr. Fakir Anjuman Ara | Convener |
| 2. Mr. Mahbub-ul-Alam | Member |
| 3. Mr. Eskander Mirza | Member |
| 4. Mr. AHM Golam Mustafa | Member |
| 5. Ms. Tania Chowdhury | Member |

### Registration

| | |
|---|---|
| 1. Mr. ASM Mahmudur Rahman | Convener |
| 2. Mr. Eskander Mirza | Member |
| 3. Mr. Abul Hossain Talukder | Member |
| 4. Mr. Harun-ur-Rashid | Member |
| 5. Ms. Anowara Haider | Member |
| 6. Ms. Nurun Nahar Islam | Member |

### Reception Committee, Matlab

| | |
|---|---|
| 1. Mr. Monoranjan Das | Convener |
| 2. Mr. Rehan Uddin | Member |
| 3. Mr. Susil Kumar Roy | Member |
| 4. Ms. Lutfun Nahar (Velu) | Member |
| 5. Ms. Noor Jahan Begum | Member |
| 6. Ms. Hena Begum | Member |
| 7. Ms. Khaleda Khatun | Member |
| 8. Ms. Maksuda Hossain Kiron | Member |
| 9. Ms. Monowara Begum | Member |

# Table of Contents

| Contents | Page # |
|---|---|


Programme schedule: Dhaka ........ 07
Programme schedule: Matlab ........ 07

**Messages**

Chief Guest: Dr. Tahmeed Ahmed, Executive Director, icddr,b & Patron-in Chief, iAA...... 8

Speech of President, iAA ........ 9
Report of General Secretary, iAA ........ 11

**Articles/Reports**

1. ভানুগঞ্জে ঝড়ের কবলে । *ডা. রুখসানা গাজী* ........ 13
2. স্মৃতির পরতে পরতে আইসিডিডিআর,বি । *মো: জাহিদুর রহমান* ........ 15
3. আইসিডিডিআর,বি ডায়েট বিভাগের ইতিকথা । *মিসেস আনোয়ারা হায়দার* ........ 18
4. টরন্টোতে এক টুকরো আইসিডিডিআর,বি । *মোমিনুল ইসলাম* ........ 20
5. Some Significant Achievements of icddr,b । *Collected and compiled by Mahbub-ul-Alam*.... 22

**Photo gallery**

1. AGM & Reunion 2024: Dhaka ........ 24
2. AGM & Reunion 2024: Matlab ........ 25
4. Annual Picnic of EC, iAA ........ 26
5. Former Directors & Executive Directors of icddr,b ........ 27
6. Honorable Alumni ........ 28
7. Deceased Alumni ........ 57

iAA Facebook Group ........ 62
iAA Website ........ 62


17th Annual General Meeting & Reunion 2025

# Programme schedule

## Dhaka: 11 January 2026

| Time | Subject |
|---|---|
| 08:30 AM - 09:30 AM | *Registration* |
| 09:30 AM - 09:35 AM | Invitation to the president and guests to take their seats on the dais |
| 09:35 AM - 09:40 AM | Recitation from the Holy Quran |
| 09:40 AM - 09:45 AM | Pay tribute to the deceased alumni |
| 09:45 AM - 09:50 AM | Welcome address by the President, icddr,b Alumni Association (iAA) |
| 09:50 AM - 10:00 AM | Address by the President, Staff Welfare Association, icddr,b |
| 10:00 AM - 10:15 AM | Address by the Chief Guest: ED, icddr,b & Patron-in-Chief, iAA |
| 10:15 AM - 10:45 AM | *Tea break* |
| 10:45 AM - 11:00 AM | Annual Report presentation by the General Secretary, iAA |
| 11:00 AM - 11:30 AM | General discussion |
| 11:30 AM - 11:40 AM | Address by the President, iAA |
| 11:40 AM - 01:00 PM | Cultural programme |
| 01:00 PM - 01:55 PM | Raffle Draw |
| 01:55 PM - 02:00 PM | Vote of thanks by the General Secretary, iAA |
| 02:00 PM - | *Closing with lunch* |

## Matlab: 18 January 2026

| Time | Subject |
|---|---|
| 09:00 AM - 11:00 AM | *Registration* |
| 10:00 AM - 10:30 AM | *Tea and refreshment* |
| 10:30 AM - 10:35 AM | Invite president and guests to take their seats on the stage |
| 10:35 AM - 10:40 AM | Recitation from Holy Quran |
| 10:40 AM - 10:45 AM | Pay tribute to the deceased alumni |
| 10:45 AM - 11:50 AM | Welcome Address by the Convener, Matlab Convening Committee, iAA |
| 10:50 AM - 10:55 AM | Address by the Vice President, Staff Welfare Association, Matlab |
| 10:50 AM - 11:00 AM | Address by the Chief Guest |
| 11:00 AM - 11:10 AM | Address by the President, iAA |
| 11:10 PM - 12:20 PM | General Discussion |
| 12:20 PM - 12:30 PM | Vote of Thanks by the General Secretary, iAA |
| 12:30 PM - 01:00 PM | Raffle Draw |
| 01:00 PM - 02:00 PM | *Prayer & lunch* |
| 02:00 PM - 02:30 PM | Visit the Matlab Health Research Centre & meet ex-colleagues |
| 02:30 PM | *Closing* |



# Dr. Tahmeed Ahmed

Executive Director, icddr,b and
Patron-in-Chief, iAA

## Message

**Dear Esteemed Alumni and Colleagues,**

As we come together for the icddr,b Alumni Association Annual General Meeting & Reunion 2025, I am filled with immense pride and gratitude.

The past year has been marked by exceptional achievements. icddr,b has published over 450 research papers, further solidifying our role as a global leader in public health research. Our team has grown to a record 5,200 staff, including over 420 scientific staff—a testament to the expanding scope and depth of our work.

Our diagnostic services continue to grow, and we are preparing to introduce cancer diagnosis using genomic sequencing—a significant development that will help bridge the gap in cancer diagnosis and provide access to affordable, high-quality, precision medicine-based care in Bangladesh. At our hospital, we remain steadfast in our mission, having provided treatment to over 250,000 patients free of charge—an enduring symbol of our commitment to those most in need.

In November 2025, we hosted the Board of Trustees (BoT) and Scientific Advisory Group (SAG) meetings in Dhaka, bringing together global experts, scientists, and health leaders. These gatherings provided invaluable insights and reaffirmed our collective resolve to tackle emerging health challenges through innovation, collaboration, and scientific excellence.

We are also honoured to see our leadership and scientific community recognised on the global stage. I am humbled to have received the 2024 Goalkeepers Champions recognition by the Bill & Melinda Gates Foundation, while Dr Firdausi Qadri's VinFuture Prize stands as a beacon of the transformative impact of our work on global health.

Amidst these successes, we pause to reflect on the loss of Dr Richard A. Cash, a pioneer in global health whose passing in October 2024 leaves a profound void. Dr Cash's groundbreaking contributions to Oral Rehydration Therapy (ORT) and his commitment to Bangladesh have saved countless lives and shaped the history of icddr,b. His legacy will continue to inspire generations of health practitioners worldwide.

As we gather at this year's meeting, I am reminded that your experiences, insights, and support as alumni are at the heart of icddr,b. This Souvenir is not just a reflection of our shared history but a testament to the collaborative spirit, resilience, and innovation that define our institution. You are an integral part of our journey, and your continued engagement is a source of strength. Together, we will continue to build on this proud legacy and work towards a healthier, more equitable future for all. Thank you for your continued support and dedication.

Yours sincerely,

**Dr Tahmeed Ahmed**
Executive Director, icddr,b



## Dr. Fakir Anjuman Ara

President, iAA

# Address

Greetings!

It is my privilege and pride to welcome the distinguished guests and my dear alumni in the Seventeenth Reunion and AGM of the icddr,b Alumni Association, 2025. I am happy to see you all but at the same time sad to remember the alumni who died during the last year since our previous reunion. We miss them and pray for their souls to be rested in the best place of the heaven.

It is my great pleasure to welcome our Chief Guest Dr. Tahmeed Ahmed, Executive Director of icddr,b and Patron in Chief of the icddr,b Alumni Association. Thank you Dr. Tahmeed for your presence which provides inspiration and confidence among the alumni.

I have been trying to contact alumni living abroad specially in Canada, Australia and USA. You will be happy to know that I am getting response from some sharing their activities as alumni. They are organising get together, picnic and other events which is inspiring for others! you will find a write up from Canada; I hope in future alumni from other continents will share their activities.

You may remember that this association was formed in 2004 when the executive committee included both current and previous employees of the centre mainly to keep the alumni connected and maintain bond among the alumni and be updated with the current activities and achievements.

Initially financial support was provided by the centre. Gradually that support was withdrawn as the responsibilities of the association was completely handed over to the icddr,b alumni. It is a big challenge for the executives of the iAA to manage fund to meet expenses to run the show. Unfortunately, financial support from the alumni (both home & abroad) is absent; even most of the alumni who worked as team leader and above are reluctant to send writeups sharing their experience from work in icddr,b. May be they are not interested as there is no monitory or Scientific reward from our publication but the alumni and others would learn so much from the experience of earlier days which made the centre from a small laboratory (PAK-SEATO Laboratory) to a global research organisation.

We appreciate the support from our Patron in Chief Dr. Tahmeed Ahmed, Executive Director of icddr,b. He also invites the alumni to work as Ambassodor of the icddr,b. It is not only honour but a big responsibility as well! Let me thank him and his office on behalf of the alumni for the continued support. Thank you for providing us with the Sasakawa Auditorium, refreshment and lunch.

We are still waiting to get a specific physical facility designated exclusively for the iAA. We are requesting the Executive Director to kindly consider our plea for an office space.

I am requesting all the alumni to participate and contribute (financially and with constructive suggestions) actively to make this association more meaningful and sustainable.

We have regularly conducted EC meetings attended by maximum number of members. I would like to thank and congratulate all the EC members for their sincerity & support to organise this event today.

I would like to thank the authors who contributed for publication of the souvenir. My thanks to Rabiul for photography, staff from ED's office for logistic support and Ms. Tanjila Ghani for her help. Special thanks to the patrons who financially contributed by their advertisement in our souvenir and my gratitude to those who directly contributed financially to make this programme a success.

A raffle draw will be held with attractive prizes, please participate and enjoy the programme till the end. We tried our best to make this programme enjoyable, kindly pardon us if there is any shortfall.

Let me remind you that we have an webpage (https://icddrbalumni.org/) and the souvenir is available online (https://www.facebook.com/groups/1189410921783731/).

Best wishes for you to have a safe, healthy and happy life.

Thank you.

**Dr. Fakir Anjuman Ara**
President, iAA

17th Annual General Meeting & Reunion 2025



## Md. Mahbub-ul-Alam

General Secretary, iAA

# Annual Report

**Dear distinguished guests and alumni:**

It is my great pleasure to welcome the distinguished guests and alumni attending the 17th Annual General Meeting and Reunion of the icddr,b Alumni Association (iAA).

Since the last annual general meeting, we lost a number of alumni, notable among them were Mr. Mujibur Rahman, former General Secretary of iAA, and Mr. A. Mazid Sarder. Their demise deeply saddened us. We express our condolences to the bereaved family and also pray to the Almighty for the salvation of the departed souls. At the same time, we welcome the new members who joined the association last year.

The new executive committee (EC) of fifteen members took over the responsibilities of the association last year. The committee met once every month to discuss issues relating to the alumni.

Medical Assistance fund:

The committee decided to create a medical assistance fund for alumni who are in a difficult condition. But due to insufficient funds, it was not possible to launch the initiative last year. Now, we are appealing to our solvent members to contribute to the fund as a philanthropic activity. Thus, we will be able to help our colleagues who are in need.

Office space: It is a longstanding issue. It may be mentioned that, as previous years, we used the Staff Welfare Association's meeting room to conduct our activities. Sometimes, due to the SWA's busy schedule, we had to use the cooperative's office instead. However, we hope that the icddr,b authority will consider the issue and allocate a dedicated space for the alumni association.

Communication with the alumni: Like last year, we provided regular updates related to the activities of the iAA through the Facebook group. Besides, we shared various posts related to icddr,b from their Facebook page. Thus, the members of iAA were able to get updates about their beloved organization. So far, 296 alumni connected with us through the Facebook group. Hopefully, this number will be increased further in the future. (The link is: https://www.facebook.com/groups/1189410921783731)

The Alumni Association also has a website through which we provide our updates. Among other, the soft-copy of the annual souvenir and the rules and regulations are also available on the website. (The link is: https://icddrbalumni.org/).

Participation in icddr,b day programme: On the occasion of the 65th birthday of icddr,b, the icddr,b authority organized a two-day-long programme on 26 and 27 December 2025. The first day was a pitha festival and cultural program, and a seminar on nutrition was organized on the second day. The icddr,b authority invited the president of the iAA and some others to attend the seminar on the second day. On behalf of the Alumni Association, I would like to thank the icddr,b authority for this initiative.

However, no one from the Alumni Association was invited to participate in the first day's event. It

is worth noting that several people, including the President of the Alumni Association, were invited to the same event in the year 2024. We hope that such events will remain open to all alumni in the future.


Financial report: The financial status of the last year (2025) is given below for your information:

| Receipts | | payments | |
|---|---|---|---|
| **Particulars** | **Taka** | **Particulars** | **Taka** |
| 1. Advertisement fee | 75,000.00 | 1. Monthly meeting expenses | 9,575.00 |
| 2. Registration fee - Dhaka | 87,500.00 | 2. AGM expenses-Dhaka | 43,970.00 |
| 3. Registration fee - Matlab | 18,500.00 | 3. AGM expenses Matlab | 17,700.00 |
| 4. Raffle ticket sale - Dhaka | 13,550.00 | 4. Souvenir printing | 1,00,000.00 |
| 5. Raffle ticket sale - Matlab | 4,700.00 | 5. Bag purchase for agm | 1,39,000.00 |
| 6. Ec member's donation | 24,000.00 | 6. Raffle prize purchase | 17,000.00 |
| 7. Individual donation | 7,000.00 | 7. Picnic expenses | 6,700.00 |
| 8. Zakat fund collection | 41,000.00 | 8. Website expenses | 3,845.00 |
| **(a) Sub-total** | **2,71,250.00** | **(a) Sub-total** | **3,37,790.00** |
| a. Bank balance -previous | 3,31,905.00 | a. Bank ac: general | 1,41,675.00 |
| b. Bank balance -zakat fund | 24,787.00 | b. Bank ac: zakat on | 1,65,557.00 |
| c. Previous cash in hand | 27,844.00 | c. Cash in hand | 10,764.00 |
| **(b) Sub-totals** | **3,84,536.00** | **(b) Sub-total** | **3,17,996.00** |
| **Grand total (a)+(b)** | **6,55,786.00** | **Grand total (a)+(b)** | **6,55,786.00** |

Finally, I would like to thank all the honorable alumni for joining the programme and making the programme a success.

Wish you all a happy, healthy, and safe life.

Best regards.



Mahbub-ul-Alam
General Secretary, iAA

## ঢাকা থেকে ...

- ডা. রুখসানা গাজী

# ভানুগঞ্জে ঝড়ের কবলে

গল্পটি শ্রীমঙ্গলের ভানুগঞ্জকে ঘিরে। আইসিডিডিআর,বি পরিচালিত কুষ্ঠ রোগ-সংক্রান্ত গবেষণার উপাত্ত সংগ্রহের কাজ দেখার জন্যই সেখানে যাওয়া। জায়গাটা যেহেতু পাহাড়ি—বনাঞ্চলে ঘেরা আর ঘন সবুজে মোড়ানো, তাই পরিবারের সবাইকে সাথে নিয়ে যেতে ভুললাম না। ট্রেনে করে ঢাকা থেকে শ্রীমঙ্গল পর্যন্ত গেলাম। স্টেশন থেকে মাইক্রোবাসে করে ভানুগঞ্জ পর্যন্ত চমৎকার পাহাড়ি রাস্তা। ভানুগঞ্জে এনজিওর রেস্ট হাউসে ঠাঁই নিলাম। গাড়ি থেকে নেমে চোখ, মন—দুটোই জুড়িয়ে গেল। মূল রাস্তা থেকে রেস্ট হাউসের পথ কাঠগোলাপ ফুলে ফুলে ছেয়ে আছে। রাস্তায় অজস্র ফুল পড়ে আছে। ওখানে যে কদিন ছিলাম, প্রতিদিন সকালবেলা উঠে ঝরে পড়া ফুল কুড়ানো একটা আনন্দের কাজ ছিল আমাদের। মাঝে মাঝে একটা ফুল নিয়ে কানের পিছনে গুঁজে পাহাড়ি পথে ঘুরে বেড়াতাম।

আমার টিমের লোকজন আগে থেকেই ওখানে অবস্থান করছিলেন। তাঁদের সাথে গবেষণার ব্যাপারে আলোচনা হলো। শুনলাম কুষ্ঠ রোগ সম্পর্কে স্থানীয় চাবাগানের কর্মীদের মাঝে এ যুগেও অনেক কুসংস্কার রয়েছে। সরকারি ব্যবস্থাপনায় বিনা পয়সায় কুষ্ঠ রোগের চিকিৎসার সহজ প্রাপ্যতা সত্ত্বেও অনেকে চিকিৎসা নিতে চান না। তাঁরা মনে করেন, এ রোগের চিকিৎসা কবিরাজি ওষুধ ছাড়া হয় না। অনেকে আবার ফকিরি চিকিৎসা নিয়ে থাকেন। যে ক্ষেত্রে একজন ফকির মন্ত্র পড়ে অসুখটাকে বেঁধে রাখে—যাতে অসুখটা না ছড়ায়।

একজন দারিদ্র বৃদ্ধরোগীর সাথে আলাপ হল। তাঁর পায়ের একটা আঙ্গুলও আস্ত নেই। কুষ্ঠ রোগের কারণে তাঁর আঙ্গুলগুলো নষ্ট হয়ে গেছে। চলার জন্য বিশেষ ধরনের জুতা লাগে যা একটি বেসরকারি সংস্থা থেকে দেওয়া হয়েছে। বহু বছর আগে সে ভারত থেকে চাবাগানের শ্রমিক হিসেবে বাংলাদেশে এসেছে। জীবনের নানা উত্থান-পতনের মধ্য দিয়ে দিন চলে গেছে। এখন বৃদ্ধ বয়সে তাঁকে দেখার মতো কেউ নেই। আমি ব্যক্তিগতভাবে কিছুটা আর্থিক সাহায্য করলাম কিন্তু সেটা তো কোনো স্থায়ী ব্যবস্থা নয়। ভাবলাম এ ধরনের রোগীদের পুনর্বাসনের দরকার।

রেস্ট হাউসটি একটা টিলার উপরে অবস্থিত। আশেপাশে বেসরকারি সংস্থার কর্মচারীগণ পরিবার-পরিজন নিয়ে থাকেন। বোর্ডিং হাউস আছে যেখানে কম খরচে ছাত্ররা থাকতে পারে। ব্রিটিশ আমল থেকে শুরু করে এখনো বেসরকারি সংস্থাটি দরিদ্র অসহায় মানুষের সেবা করে যাচ্ছে। রেস্ট হাউসের পর্দা থেকে শুরু করে খাবার পরিবেশন, সবকিছুর মধ্যে একটা ব্রিটিশ কায়দা-কানুন এখনো রয়ে গেছে।

যাইহোক, দিনশেষে পাহাড়ি পেঁচানো রাস্তায় আমার মেয়েদের সাথে নিয়ে টিলার চারপাশে ঘুরে দেখলাম। দেখলাম ক্ষুদ্র নৃ-গোষ্ঠির কয়েকটি মেয়ে সুঁই-সুতা নিয়ে কাজ করছে—কাপড়ে রঙিন ফুল তুলছে। তাদের বাড়ির পাশে বিশাল খাদ। আমি কিছুটা বিস্ময় নিয়ে লক্ষ্য করলাম, তাঁরা গভীর জঙ্গল আর খাদের পাশে কত নির্ভয়ে বসবাস করে। ওই খাদ আর জঙ্গলের ভিতরে বাস করে বুনো শুকর, শিয়াল আর সাপ। কিন্তু স্থানীয় মানুষ ওইগুলোকে ভয় পায় না। এই বিষয়ে বেসরকারি সংস্থার ব্যবস্থাপকের কাছে একটা মজার গল্প শুনলাম। তিনি বললেন, একদিন স্থানীয় এক যুবক বিশাল এক অজগর সাপ কাঁধে জড়িয়ে উনার অফিসে এসে হাজির। সে এসেছে একটা বিরাট অভিযোগ নিয়ে। তার ভাষ্য অনুযায়ী, অজগরটি তার একটি মুরগি আস্ত গিলে ফেলেছে। সে ব্যবস্থাপক সাহেবকে বলল, 'আপনি এর একটা বিচার করেন—এই অজগর কেন আমার পোষা মুরগি খেলো? একে আমি আর আস্ত রাখবো না, একে আজকে পিটিয়ে মেরে ফেলবো'। সেদিন তিনি অনেক বুঝিয়ে সেই যুবককে ঠাণ্ডা করেন এবং তাকে বলেন যে, বন্যপ্রাণী মারা সরকারিভাবে নিষেধ। মুরগি খাওয়ার অপরাধে অজগরকে পিটিয়ে মারা যে যায় না, সেটা তাকে বোঝাতে সেদিন সত্যিই তাঁর অনেক কষ্ট হয়েছিল বলে জানালেন। পরে অজগরটিকে জঙ্গলের মধ্যে মুক্ত করে দেওয়া হয়েছিল। তবে, মুরগির ক্ষতিপূরণ হিসেবে ব্যবস্থাপক সাহেব নিজের পকেটের টাকা খরচ করে সে যাত্রা অজগরকে রক্ষা করেন।

যাইহোক, রাত্রে ভুরিভোজের পরে ঘুমানোর পালা, কিন্তু ঘুম তো আর আসে না। চারিদিক থেকে ঢোলের আওয়াজ এবং শিয়ালের হুক্কা হুয়া ডাক। হঠাৎ শুনি বাইরে অদ্ভুত শন শন শব্দ হচ্ছে। কী ব্যাপার? জানলা দিয়ে উঁকি দিয়ে দেখি, প্রচণ্ড ঝড় আসছে—ওটা ঝড়ের হুংকার। পাহাড়ের উপর টিনের চালের ঘরে বসে ঝড়ের অভিজ্ঞতা লাভ আমাদের এই প্রথম। মনে হলো, ঝড়ের তীব্রতা পাহাড়ে অনেক বেশি অনুভূত হয়। লম্বা লম্বা গাছগুলো প্রচণ্ড শক্তিতে দুলছিল—একে অপরের উপর ঝাপটা খাচ্ছিল। বজ্রপাতের প্রচণ্ড আওয়াজ—বাচ্চাদেরকে কানে আঙ্গুল দিয়ে রাখতে বললাম। রেস্ট হাউসে বিদ্যুৎ নেই। ঝড়ের প্রচণ্ডতায় টিনের চাল উড়ে যাবে বলে মনে হচ্ছিল। আমরা শহুরে মানুষ, ঝড় দেখেছি, তবে তা ইট-পাথরের বাড়িতে বসে। বেশ ভয় পেয়ে গেলাম আমরা কিন্তু স্থানীয় মানুষের কোনো বিকার নেই। আমি দুটি বাচ্চার হাত ধরে খাটের মাঝখানে বসে রইলাম। মনে হলো, যেকোনো মুহূর্তে ঘরের চাল উড়ে যাবে—তখন কি করব? দোয়া-দরুদ পড়তে পড়তে একসময় ঝড়ের দাপট কমে আসলো।

পরের দিন আমরা সবাই মাধবপুর লেক দেখতে গেলাম। সেই লেক জুড়ে পদ্মবন—নীলপদ্ম এই প্রথম দেখলাম। লেকের অনেকটা জায়গা জুড়ে ফলের গাছ। পাখির ডাকাডাকিতে মন ভরে গেল। স্থানীয় ১০-১২ বছরের একটি ছেলে অবিকল পাখিকে নকল করে ডাকছিল আর

পাখিরাও তার উত্তর দিচ্ছিল—ব্যাপারটি বড়ই অদ্ভুত লাগলো। পাহাড়ি পথ বেয়ে খানিকটা উপরে উঠতে গিয়ে আমরা নাজেহাল হয়ে গেলাম—সকলে ঘেমে নেয়ে অস্থির। আসলে মাধবপুর লেকের পুরোটা ঘুরে দেখতে হলে পুরো একটা দিন সময় হাতে নিয়ে আসা দরকার কিন্তু সেটা আমাদের পক্ষে সম্ভব ছিল না।




*ছোট মেয়ের সাথে চাবাগানের রেস্ট হাউজের সামনে ....*



*চাবাগানে সূর্যাস্ত ....*

এরপর, আমরা নীলকণ্ঠ বাবুর দোকানের বিশেষ চা খেতে খেলাম। এটি একটি বিশেষ ধরনের চা, যার বিভিন্ন রং-এর স্তর গুলো কাঁচের গ্লাসের বাইরে থেকে দেখা যায়। তিন থেকে ছয় স্তর-বিশিষ্ট রঙের চায়ের অর্ডার দেওয়া যায়। এই বিশেষ ধরনের চা স্বচ্ছ কাঁচের গ্লাসে পরিবেশন করা হয়, যাতে করে গ্লাসের বাইরে থেকে বিভিন্ন রঙের চায়ের স্তর দেখা যায়। শুনলাম এই চা বানানোর বিশেষ ফর্মুলাটি দোকানের মালিক কাউকে শেখান না এবং এই চা তিনি নিজেই বানান। আমার সাধারণ বুদ্ধি দিয়ে অনুমান করতে পারলাম—চায়ের ঘনত্বের ভিন্নতার কারণে স্বচ্ছ কাঁচের গ্লাসের বাইরে থেকে চায়ের স্তর গুলো দেখা যায়। পাশেই ছিল ক্ষুদ্র নৃ-গোষ্ঠির একজনের দোকান। সেখানে কাপড়ের প্রিন্ট গুলো খুব সুন্দর। উনাদের হাতেবোনা শাড়ি ও চাদর দেখে মুগ্ধ হয়ে গেলাম। খুব সুন্দর রঙের সংমিশ্রণ, আমরা দু-একটা কিনলাম।

পরদিন রাতে ঝড় নেই। পরিষ্কার ঝকঝকে আকাশে বিশাল চাঁদ উঠল। পাহাড়ি গাছ পালার ফাঁকে জ্যোৎস্না—চারিদিকের সব কিছু তার পবিত্র আলোয় যেন ধুয়ে দিচ্ছিল। চাঁদটাকে কেন জানি না অনেক বড় মনে হচ্ছিল—একটু কমলা রঙের ও দেখাচ্ছিলো কি! হয়তো ইট-কাঠ-পাথরের ঢাকা শহরে চাঁদটা মন খুলে তার জোছনা ছড়াতে পারে না, তাই হয়তো শহরে ওর রূপ আর বিশালতা আমাদের চোখে পড়ে না।

## লেখক পরিচিতি



**ডা. রুখসানা গাজী,** ১৯৯৮ সালে আইসিডিডিআর,বি-তে গবেষক হিসেবে যোগদান করেন এবং ২০১৫ সালে অবসরে যান। উনার ১৭ বছরের কর্মময় জীবনে তিনি বিভিন্ন গবেষণামূলক কার্যক্রম বাস্তবায়নে বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে ঘুরে বেড়িয়েছেন। গবেষণার ফলাফল দেশ-বিদেশের কনফারেন্সে তুলে ধরেছেন এবং তাঁর গবেষণা-লব্ধ ফলাফল ৫০টির মতো বিশ্বের বিভিন্ন পিয়ার-রিভিউড জার্নালে প্রকাশিত হয়েছে। অবসর গ্রহণের পর তিনি তাঁর কৈশরের লালিত ছবি আঁকার স্বপ্ন বাস্তবায়নের উদ্যোগী হন। পাশাপাশি তিনি লেখালেখিতেও সম্পৃক্ত রয়েছেন।

ধন্যবাদ ডা. রুখসানা, আপনার স্মৃতিচারণমূলক এই সুন্দর লেখাটি আমাদের সাথে সেয়ার করার জন্য। আপনার জন্য রইলো অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে শুভ কামনা।

## কানাডা থেকে ...

- মো: জাহিদুর রহমান

# স্মৃতির পরতে পরতে আইসিডিডিআর,বি

মানুষের জীবনে কিছু সম্পর্ক থাকে, যেগুলো থেকে দূরে গেলেও তারা আমাদের ভেতরেই থেকে যায়। মনে হয় এইভাবেই জড়িয়ে থাক না আজীবন—আলতো করে, নিবিড়ভাবে। আমার জীবনে আইসিডিডিআর,বি ঠিক তেমনই এক জায়গা। সেখানে কাটানো বারোটি বছর আমার এক নিখুঁত উপন্যাস—যেখানে চরিত্র, দৃশ্য, সুখ-দুঃখ, নাটক সবই ছিল।

সেই ২০০৭ সালের কথা। মাস্টার্স শেষ, বিয়ে করতে হবে। কিন্তু, বিয়ের আগে পাত্রের তো একটি চাকরি লাগবে। আমার জন্য তখন চাকরি ছিল সোনার হরিণ। দুই দুইবার বিসিএস ভাইবা দিলাম—দুইবারই নিরাশ হয়ে ফিরলাম। চাকরি পেতে টাকা লাগবে জেনে বাবার সাফ কথা, 'পড়াশোনার পেছনে যত লেগেছে, দিয়েছি। কিন্তু চাকরি নিতে কোনো টাকা-পয়সা দিতে পারবো না। নিজ যোগ্যতায় চাকরি নাও।'

ঘটনাক্রমে একদিন দেখা হলো বিভাগের সিনিয়র সাইফুল ভাইয়ের সঙ্গে। তিনি তখন আইসিডিডিআর,বিতে রিসার্চে কাজ করেন। তাঁর কাছে জানলাম এখানকার নিয়োগ প্রক্রিয়া বেশ স্বচ্ছ আর কাজের পরিবেশও আন্তর্জাতিক মানের। কিছুদিন পর নিয়োগ বিজ্ঞপ্তি দেখে আবেদন করলাম। চাকরিটা পেয়েও গেলাম—সেন্টার ফর কমিউনিকেবল ডিজিজেজ-এর ডিরেক্টর ও বিশিষ্ট বিজ্ঞানী ড. স্টিফেন পি. লুবি-র সেবা-বি প্রকল্পে! মনে হলো, জীবনের একটা বড় দরজা খুলে গেল। স্বস্তিতে সংসার শুরু করলাম আইসিডিডিআর,বি-র এই চাকরির উপর ভর করেই।

যদিও প্রথম দিকে সরকারি চাকরির প্রতি বেশ টান ছিল। কিন্তু আইসিডিডিআর,বিতে ঢুকে বুঝলাম—এখানকার বাতাসে অন্যরকম স্বস্তি আছে। মানুষগুলো আন্তরিক, কাজের পরিবেশটাও পরিপাটি। কিছুদিনের মধ্যে এই জায়গাটা যেন নিছক অফিসের চেয়েও বেশি কিছু হয়ে গেল। হবে না-ইবা কেন! প্রারম্ভিক স্তরের চাকরি দিয়ে শুরু করে প্রতিষ্ঠানের উর্ধ্বতন পদে যাওয়ার ঘটনা অন্য কোথাও খুব বেশি একটা দেখা যায় না। তাই এখানে কেউ একবার ঢুকলে সহজে আর অন্য কোথাও যেতে চায় না। একটা সময় বুঝলাম—এখানে ঢুকলে নিজের একটা গল্প তৈরি হয়। আমার গল্পটি টেনেছে বারো বছর ধরে।



*সহকর্মী খাদক দল ...*

এমনিতেই ছোটবেলা থেকে ছিল ঘোরাঘুরির শখ, আর সাথে যোগ হয়েছিল অফিসের খরচে দেশ-বিদেশ চষে বেড়ানোর সুযোগ! রথ দেখা আর কলা বেচা—দুই-ই হয়েছে একসাথে! অফিসের কাজের সুবাদে দেশ-বিদেশের কত জায়গায় যে ঘুরে বেড়িয়েছি! এরমধ্যে সবচেয়ে রোমাঞ্চকর অধ্যায় ছিল—অস্ট্রেলিয়া ভ্রমণ—২০১৪ সালে, আইসিডিডিআর,বি থেকে অসএইড-এর বৃত্তি নিয়ে। জীবনের মধুরতম সময়গুলোর একটি ছিল কুইন্সল্যান্ডের ব্রিসবেনের সেই বছরটা। এখন প্রায় পাঁচ বছর হলো কানাডায় আছি। সমুদ্রতীর, পার্ক, কিংবা ঘন জঙ্গলের ভিতর ট্রেইল—যেখানেই যাই অস্ট্রেলিয়ার সেই দিনগুলোর কথা মনে পড়ে। আমার অসএইড-এর দুই সহপাঠি এবং সহকর্মী দেবাশিস বিশ্বাস ও আরিফুল ইসলাম এখন অস্ট্রেলিয়ায় পিএইচডিরত। তাদের ঘুরাঘুরির ছবি দেখলে আবারও মন ছুটে যায় সেই সুদূর অস্ট্রেলিয়ায়।




*অস্ট্রেলিয়ার ব্রিসবেনের গ্রিফিথ বিশ্ববিদ্যালয়ে .....*

অফিসে কাজের পাশাপাশি আনন্দ-উৎসবও ছিল আমাদের নিত্যদিনের ব্যাপার। প্রতিদিন সকালে অফিস শুরুর আগে কিংবা বিকেলে ছুটির পরে মোড়ের দোকানে এক কাপ চা, কিংবা দলবেধে ক্যান্টিনে যাওয়া—এই ছোট ছোট আনন্দ গুলোই ছিল আইসিডিডিআর,বি-র মজার সময়। এছাড়া, কর্মী মঙ্গল সংস্থা কিংবা প্রকল্পের সহকর্মীদের উদ্যোগে বাৎসরিক পিকনিক বা রিট্রিট, পহেলা বৈশাখ উদযাপনসহ বিশেষ দিনগুলিতে নানাবিধ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। কারো বিয়ে কিংবা জন্মদিনে হাজী কিংবা ফখরুদ্দিনের হাড়ির আয়োজন—সবই ছিল উৎসবের মতো। আর, আমাদের কো-অপারেটিভের বাৎসরিক সভায় পাওয়া বিস্কুটের প্যাকেট ছিল আমার আরেক উৎসবের কারণ। বিস্কুট খেয়ে খেয়ে ছেলে মোটা হয়ে যাবে বলে প্যাকেটটি বাসায় না-নিয়ে অফিসেই রেখে দিতাম আর সারা বছর ধরে অফিসের ড্রয়ারে রেখে সবাই মিলে খেতাম।

'কফিহাউস'-এর মতো 'খাদকদল' নামে আমাদের সহকর্মীদের একটা গ্রুপই ছিল। অফিস ছুটির পর আমরা এককেদিন এককে সহকর্মীর এলাকায় গিয়ে এককে রেস্টুরেন্টে নামকরা খাবার খেতাম। খাদকদলের সদস্য পারভেজ ভাই এখন অস্ট্রেলিয়ায়, আবীর ভাই আর শাহজাহান ভাই আমেরিকায় আর আমি কানাডায়। শোয়েব ভাই, মাহবুব, ইমতিয়াজ, সাজ্জাদ, স্বর্ণ—এরা দেশেই নিজ নিজ কর্মস্থলে জাজ্বল্যমান। তবু মনে হয়, একদিন দেশে ফিরলেই আবার 'খাদকদল' জড়ো হবে প্রিয় কোনো রেস্টুরেন্টে। খাওয়ার পর এক কাপ চা

হাতে চলবে জম্পেস্যস আড্ডা।

এত এত মধুর স্মৃতির মাঝেও ছিল কিছু তিক্ত অভিজ্ঞতা। আইসিডিডিআর,বি-র পথ আমার জন্য সবসময় মসৃণ ছিল না। প্রকল্পের চাকরি—ফান্ড-নির্ভর কাজ—তাই অনিশ্চয়তাও ছিল নিত্যসঙ্গী। ওই সময়গুলোতে পাশে পেয়েছি দস্তগীর ভাই, শিউলি আপা, সাইফুল ভাই, ডা. মাহবুব ভাই, আজাদ ভাই আর শাহজাহান ভাইকে। তাঁরা ছিলেন আমার অন্ধকারে বাতিঘর। শিউলি আপা আর দস্তগীর ভাই এখনো আছেন আমার মেন্টর—আমার প্রেরণা হয়ে। এখনো যখনই শিউলি আপা, মাহবুব ভাই, দস্তগীর ভাই, আজাদ ভাই ও শাহজাহান ভাইয়ের সাথে কথা হয়, তখন মনে হয়—আমি আইসিডিডিআর,বিতেই আছি। এডমিনের টিটু দা আর মাহবুব ভাইকে প্রথম প্রথম বেশ ভয় পেতাম—তাঁদের ইস্পাত কঠিন প্রশাসনের জন্য। কিন্তু কেউ নিয়ম মেনে কাজ করলে তার জন্য উনারা এক নিরাপদ আশ্রয়।

২০১৯ সালে শেষ হয়েছে আমার আইসিডিডিআর,বি অধ্যায়। তবে, মাঝে মাঝে মনে হয়, আসলে আইসিডিডিআর,বি অধ্যায় শেষ হয়নি—উপন্যাসটার পরের খণ্ডে এসেছি মাত্র। কারণ আমার কানাডায় আসার নেপথ্যেও নিয়ামক হিসেবে কাজ করেছে এই আইসিডিডিআর,বি! বিশেষ করে, আমাকে কানাডায় আসতে একদিকে যেমন আইসিডিডিআর,বি-র তৎকালীন কিছু বসের উৎসাহ অনুপ্রাণিত করেছে, অন্যদিকে কারো কারো আচরণও ব্যাপকভাবে প্রভাবিত করেছে! সুখের কথা হলো—কানাডায় এসে নোভা স্কোশিয়া শহরের গবেষণা-নির্ভর অন্যতম বিদ্যাপিঠ—ডেলহাউজি ইউনিভার্সিটিতে চাকরি করার সুযোগটাও হয়েছে এই আইসিডিডিআর,বি-র অভিজ্ঞতার উপর ভর করেই! তাছাড়া, ক্যারিয়ারের শুরুতেই ড. স্টিভ লুবি, ড. লিয়েন ইউনিকম আর ড. এমিলি গার্লি-র মত আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষকদের প্রকল্পে কাজ করার সুবাদে তাঁদের কাছ থেকে পাওয়া দিকনির্দেশনা ও শিক্ষাগুলোই উন্নত দেশ কানাডার একটা বিখ্যাত বিশ্ববিদ্যালয়ে কাজ করার শক্তি ও সামর্থ্য যুগিয়েছে ব্যাপকভাবে।

তাই বলি, আমার ক্যারিয়ারের সূতিকাগার এই আইসিডিডিআর,বি! এর কাছে আমি আবদ্ধ অব্যক্ত এক ঋণে। কিছু কিছু ঋণ অবশ্য কখনোই শোধ করা যায় না—আমৃত্যু টানতে হয়! ক্লান্তিহীন সেই ঋণের বোঝা টানাতেও থাকে পরম আনন্দ!

ভালো থাকুক আমার আইসিডিডিআর,বি। ভালো থাকুক প্রিয় মানুষগুলো—যাঁদের ভালোবাসা আজও জমা আছে আমার স্মৃতির পরতে পরতে।



### লেখক পরিচিতি:

**মোঃ জাহিদুর রহমান**, ২০০৭ সালে আইসিডিডিআর,বি-র তৎকালীন সেন্টার ফর কমিউনিকেবল ডিজিজেজ-এর সেবা-বি ও ওয়াশ বেনিফিট প্রকল্পে যোগদান করেন। আইসিডিডিআর,বি-র দীর্ঘ ১২ বছরের কর্মময় জীবনে তিনি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন শেষে ২০১৯ সালে স্বেচ্ছায় অবসর গ্রহণ করে কানাডার উদ্দেশ্যে পাড়ি জমান। উল্লেখ্য, তিনি ২০১৪ সালে অসএইড-এর বৃত্তি নিয়ে অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ডের ব্রিজবেন শহরের গ্রিফিথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করেন। বর্তমানে তিনি কানাডার নোভা স্কোশিয়া প্রদেশের ডার্টমাথ শহরে সপরিবারে স্থায়ীভাবে বসবাস করছেন এবং ডেলহাউজি বিশ্ববিদ্যালয়ে চাকরি করছেন। গবেষণা ও পেশাগত জীবনের পাশাপাশি অবসরে তিনি ভ্রমণ, লেখালেখি এবং ফটোগ্রাফি করতে ভালোবাসেন। সোশ্যাল মিডিয়ায় নিয়মিত লেখালেখির মাধ্যমে তিনি জীবনের অভিজ্ঞতা, স্মৃতি ও অনুভূতি ভাগ করে নেন তাঁর পাঠকদের সাথে।

ধন্যবাদ জনাব জাহিদ, আপনার স্মৃতিচারণমূলক লেখা পাঠানোর জন্য। আইসিডিডিআর,বি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আপনার এবং আপনার পরিবারের প্রতি রইল শুভ কামনা।

## ঢাকা থেকে ...

- মিসেস আনোয়ারা হায়দার

# আইসিডিডিআর,বি ডায়েট বিভাগের ইতিকথা

সূচনায় যাঁর নাম উল্লেখ করতে হয়, তিনি হলেন আমাদের শ্রদ্ধেয়া মাখদুমা আপা। উনি এখানে যোগদান করার পূর্বে হাসপাতালে ছোট্ট একটা রান্নাঘর ছিল। সেখান থেকে রোগীদের খাবার সরবরাহ করা হতো। এ সময়ে ডক্টর আব্দুল মজিদ মোল্লা আইসিডিডিআর,বিতে যোগদান করেন। তিনি ডায়রিয়া, পুষ্টিহীনতা এবং রোগীর শরীরে খাদ্য-শোষণ ক্ষমতার উপর গবেষণা শুরু করেন। গবেষণা শুরু করার পর তিনি এসব বিষয়ে অভিজ্ঞ একজন গবেষণা সহকারীর প্রয়োজনীয়তা অনুভব করেন। সে কারণে মাখদুমা আপাকে আইসিডিডিআর,বিতে নিয়োগ দেওয়া হয়। আপা যোগদানের পর 'মেটাবলিক স্টাডি ওয়ার্ড' প্রতিষ্ঠা করেন এবং গবেষণার রোগীদের খাদ্য প্রস্তুতির জন্য রান্নাঘরে পৃথক ব্যবস্থার উদ্যোগ নেন। সে সময়ে, ১৯৮০ সালের অক্টোবর মাসে উনাকে উচ্চতর প্রশিক্ষণের জন্য থাইল্যান্ডের চিয়াংমাই ইউনিভার্সিটি হাসপাতালে পাঠানো হয়। ওখান থেকে ফিরে এসে উনি ডক্টর মোল্লার কাছে উনার প্রতিবেদন জমা দেন। প্রতিবেদনের মূল বিষয়গুলি ছিল: ১) **একজন দক্ষ ডায়েটিশিয়ান নিয়োগ দেওয়া** যিনি সাধারণ রোগী, পুষ্টিহীন রোগী, গবেষণার রোগী এবং শিশুদের প্রয়োজন মতো খাবার প্রস্তুত এবং সরবরাহের নির্দেশ দেবেন। এছাড়া তিনি রান্নাঘরের কর্মরত সবার তত্ত্বাবধায়কের দায়িত্ব পালন করবেন। ২) **একটি সম্পূর্ণ ভিন্ন ডায়েট বিভাগ প্রতিষ্ঠা করা এবং চিফ ডায়েটিশানের সহযোগিতার জন্য আরও লোকবল নিয়োগ দেওয়া** যেন উনারা যথাযথ ভাবে খাবার মাপা এবং খাবার প্রস্তুত করার ব্যাপারে সহযোগিতা করতে পারে।

এরপর এ উদ্দেশ্যে মিসেস নাসেহা মজিদকে নিয়োগ দেওয়া হয়। উনার যোগদানের পর ডায়েট কার্যক্রম পরিচালনার জন্য একটি ডায়েট টিম গঠন করা হয়। টিমে যারা ছিলেন তারা হলেন—মিসেস মাধবী ঘোষ, মিসেস হোসনে আরা রহমান, মেরিনা ইয়াসমিন ও বেগম মরিয়ম সরদার। পরবর্তীতে ১৯৮৯ সালে আমি (আনোয়ারা হায়দার) এই টিমে যোগদান করি।

মিসেস মজিদ-এর যোগাদানের পরে তিনি ডায়েট সম্পর্কিত সমস্যাসমূহ চিহ্নিত করেন এবং সমস্যাসমূহ সমাধানে যেসব পদক্ষেপ গ্রহণ করেন তাহলো:

**ক) ফ্রোজেন (হিমায়িত) খাবার সরবরাহ:** মিসেস নাসেহা মজিদ আসার পরে দেখেন যে, আইসিডিডিআর,বিতে বিদেশ থেকে আনা হিমায়িত খাবার (যা অনেকটা খিচুড়ির মতো) গরম করে ওয়ার্ড-বয়রা হাসপাতালে রোগীকে খেতে দিতেন। তখন আপা (মিসেস মজিদ) হিমায়িত না দিয়ে, সদ্য রান্নকরা খিচুড়ি রোগীদের পরিবেশন করতে বললেন।

**খ) এনপিও করে রাখা (Nothing per oral-মুখ দিয়ে কোনো খাবার, পানীয় বা ওষুধ গ্রহণ করা যাবে না):** বেশিরভাগ রোগীকে মুখে খাবার দেওয়া বন্ধ রেখে (এনপিও করে) শুধুমাত্র শিরায় স্যালাইন দিয়ে রাখা হতো। এক্ষেত্রে, পরীক্ষামূলক ভাবে মিসেস মজিদ কিছু রোগীকে এনপিও-তে না রেখে, খাবার খাওয়ানোর ব্যবস্থা করলেন। এতে দেখা গেল যে, ডায়রিয়া থাকলেও খাবার খাওয়ার ফলে রোগী সুস্থ বোধ করছে।



*১৯৯৪ সালে অনুষ্ঠিত একটি আন্তর্জাতিক প্রশিক্ষণ সেশনে আমি*



*আন্তর্জাতিক প্রশিক্ষণ সেশনের চা বিরতিতে একজন প্রশিক্ষণার্থীর ও মিসেস নাসেহা মজিদের সাথে আমি*

**গ) হাফ ডাইল্যুটেড দুধ (দুধের সম পরিমাণ পানি মিশিয়ে) সরবরাহ:** ছোট্ট শিশু রোগীকে বুকের দুধ খাওয়ানো বন্ধ রেখে হাফ ডাইল্যুটেড দুধ সরবরাহ করা হতো। এই ক্ষেত্রে মিসেস মজিদ শিশুদের দুধ বন্ধ না-করে বুকের দুধ খাওয়ানো চালু রাখতে বলেন। এ পর্যায়ে ব্রেস্ট-ফিডিং কাউন্সিলর নিয়োগ দেওয়া হয়। ডায়রিয়া চলাকালীন সময়ে হাফ ডাইল্যুটেড দুধ খাওয়ানোর ফলে রোগীর ওজন কমে যায় এবং তারা অপুষ্টিতে ভুগতে থাকে। এছাড়া, প্রায়ই রোগীদের ল্যাক্টোজ ইন্টলারেন্স (দুধের ভেতরে থাকা ল্যাকটোজ নামক চিনি হজম করতে অক্ষম) দেখা দেয়। তাই খাবারে ল্যাকটোজের পরিমাণ কমিয়ে তাতে কিছু চিনি ও তেল যোগ করে খাবারের ক্যালরি বৃদ্ধি করা হয়। ফলে শিশুদের ডায়রিয়া ধীরে ধীরে কমতে থাকে এবং ওজন বৃদ্ধি পাওয়া শুরু করে।

অপর দিকে উক্ত দুধে কিছু চালের গুড়া যুক্ত করে বড় শিশুদের খাবার দেওয়া হতো। প্রতিটি রোগীকে তার বয়স, উচ্চতা, ওজন, লিঙ্গ ও পুষ্টিগত অবস্থার ভিত্তিতে খাবার পরিবেশন করা হতো। এছাড়া, সুস্থ হওয়ার পরে প্রতিটি রোগীর ছুটির সময়ে এই বিশেষ খাবার বানানোর প্রক্রিয়া তাদের মায়েদের শিখিয়ে দেওয়া হতো যেন বাড়িতে শিশুরা ভালো থাকে।

কিছু কিছু রোগী পুনরায় ডায়রিয়ায় আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হতো। এভাবে ভুগতে ভুগতে তারা দীর্ঘমেয়াদি ডায়রিয়ার (পারসিস্ট্যান্ট ডায়রিয়া) রোগীতে পরিণত হতো। এই সমস্যা সমাধানের লক্ষ্যে নিউট্রিশন রিহেবিলিটেশন ইউনিট (এনআরইউ) স্থাপন করা হয় এবং দীর্ঘমেয়াদি ডায়রিয়ার রোগীদের জন্য বিভিন্ন খাবার যেমন, 'স্বল্প-ল্যাক্টোজ ফর্মুলা', 'ল্যাক্টোজ ও সুক্রোজবিহীন ফর্মুলা' ও 'ল্যাক্টোজ, সুক্রোজ ও মাল্টোজবিহীন ফর্মুলা' তৈরি করা হলো। এভাবে দীর্ঘমেয়াদি ডায়রিয়ার রোগীদের চিকিৎসার ব্যবস্থা করা হতো। মিসেস মজিদের তত্ত্বাবধানে বিভিন্ন গবেষণার জন্য বিভিন্ন ধরনের খাবার প্রস্তুত ও সরবরাহ নিশ্চিত করা হতো।



*মিসেস আনোয়ারা হায়দার অপুষ্টিতে ভোগা শিশুদের জন্য সম্পূরক খাবার প্রদর্শন করছেন*

এ সময়ে যেসব গবেষণা করা হয় তার মধ্যে উল্লেখযোগ্য হলো: রাইস ওআরএস (চাউলের গুঁড়ার খাবার স্যালাইন), ফুড অ্যাবসর্পশন স্টাডি (খাদ্যের পুষ্টি উপাদান কীভাবে শরীরে শোষিত এবং ব্যবহৃত হয়, তা নিয়ে গবেষণা) এবং ফুড অ্যাবসর্পশন ইন সিগেলোসিস, (সিগেলা আক্রান্ত রোগীর ক্ষেত্রে খাদ্যের পুষ্টি উপাদান কীভাবে শরীরে শোষিত এবং ব্যবহৃত হয়, তা নিয়ে গবেষণা), ইত্যাদি।

প্রশিক্ষণ: বিভিন্ন ধরনের ডায়রিয়া এবং অপুষ্টি মোকাবেলার লক্ষ্যে এসব ধারণা এবং কার্যক্রম সর্বস্তরে ছড়িয়ে দেওয়ার জন্যে 'ট্রেনিং ব্রাঞ্চ'-এর মাধ্যমে জাতীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। এসব প্রশিক্ষণে বিভিন্ন ধরনের ওআরএস এবং ডায়রিয়া রোগীদের বিশেষ খাদ্য তৈরির কৌশল হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হতো।

এ ভাবেই ধীরে ধীরে আজকের এই বিশাল ডায়েট ডিপার্টমেন্টের কার্যক্রম গড়ে ওঠে।

## লেখক পরিচিতি:



**মিসেস আনোয়ারা হায়দার** ৩১ জুলাই ১৯৮৯ সালে রিসার্চ ডায়েটিশিয়ান হিসাবে আইসিডিডিআরবি-র ঢাকা হাসপাতালে যোগদান করেন। পরবর্তীতে ২০১২ সালে সিনিয়ার ডায়েটিশিয়ান পদে উন্নীত হন এবং ৩১ জানুয়ারি ২০২২ সালে অবসর গ্রহণ করেন। সুদীর্ঘ সাড়ে ৩২ বছরের কর্মময় জীবনে তিনি রোগীদের সেবা প্রদান, বিভিন্ন ধরনের গবেষণা এবং প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন।

বর্তমানে স্বপরিবারে ঢাকায় অবসর জীবনযাপন করছেন। তার অবসর সময় কাটে দেশ-বিদেশ ঘুরে বেড়িয়ে, ধর্ম-কর্ম ও সামাজিক কার্যক্রমে অংশগ্রহণ করে।

